



প্রেস বিজ্ঞপ্তি

নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-শিক্ষার্থীদের প্রতিবাদ সমাবেশ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১০ মার্চ ২০২৫ খ্রিঃ

সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে নারীদের প্রতি নির্যাতন, ধর্ষণসহ নানাবিধ সহিংসতার ঘটনা ঘটেই চলেছে। এধরনের নৃশংস ঘটনার প্রতিবাদে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। অদ্য ১০ মার্চ সকাল ১১:৩০ টায় প্রশাসনিক ভবন-১ এর গ্রাউন্ড ফ্লোরে এ সমাবেশের আয়োজন করা হয়। শিক্ষক-শিক্ষার্থীদের সাথে সংহতি প্রকাশ করে এ সমাবেশে অংশগ্রহণ করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শূচিতা শরমিন। এসময় উপাচার্য মহোদয় বলেন, আমরা বাংলাদেশের নাগরিক। এদেশের নাগরিক হিসেবে নারী ও পুরুষের বৈষম্য আমরা কখনো চাই না। বাংলাদেশে বর্তমানে ধর্ষণ, নিপীড়ণ, নির্যাতনের মত যেসকল ঘটনা ঘটে চলেছে এগুলো বন্ধ হওয়া প্রয়োজন। আমি মনে করি সারা বাংলাদেশে দল-মত নির্বিশেষে এ বিষয়ে সকলেই একমত। সবার আন্তরিক উৎসাহে এবং আন্তরিকতার মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব। এজন্য যা করা প্রয়োজন তা আমাদের করতে হবে এবং অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা নিশ্চিত করতে হবে। সমাবেশে আরো বক্তব্য রাখেন কলা ও মানবিক অনুষদের ডিন ড. তানভীর কায়ছার, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. ইসরাত জাহান, যৌন নিপীড়ণ প্রতিরোধকল্পে গঠিত অভিযোগ কমিটির আহবায়ক ড. রহিমা নাসরিন, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক খাদিজা আক্তার এবং বিভিন্ন বিভাগের পুরুষ ও নারী শিক্ষার্থীবৃন্দ। সমাবেশ থেকে সারাদেশের নারীদের প্রতি ঘটা নির্যাতন ও ধর্ষণের বিরুদ্ধে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে এসকল ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়। একইসাথে নারীদের নিরাপত্তা নিশ্চিতেরও আহবান জানানো হয়। রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী উপমা দত্তের সঞ্চালনায় সমাবেশে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, প্রক্টর, শিক্ষকমন্ডলী ও অসংখ্য শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়